গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১০/২০১৮-১৯

ঢাকা, বৃহস্পতিবার, ১২ জুলাই ২০১৮, ২৮ আষাঢ় ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

১। **গণতান্ত্রিক ধারা অব্যাহত থাকলে দেশ এগিয়ে যায় :** সংসদে প্রধানমন্ত্রী

২। বিশ্বশান্তির জন্য গৃহীত যেকোনো উদ্যোগে বাংলাদেশের সমর্থন বজায় থাকবে
সংসদে প্রধানমন্ত্রী

৩। জানমালের নিরাপত্তা বিধান ও আইনের শাসন প্রতিষ্ঠায় সরকার দৃঢ়প্রতিজ্ঞ
সংসদে প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী

৪। বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ প্রেরণের পরিকল্পনা **সরকারের** রয়েছে : সংসদে প্রধানমন্ত্রী

৫। **হজ ক্যাম্প উদ্বোধনকালে প্রধানমন্ত্রী : ইসলাম ধর্ম নিয়ে বিভ্রান্তি না ছড়ানোর আহ্বান**

৬। ডিজিটাল হচ্ছে পরিবার পরিকল্পনা ও প্রজনন স্বাস্থ্যসেবা **কার্যক্রম** : জনসংখ্যা দিবসের **অনুষ্ঠানে** স্পিকার

৭। উচ্চ আদালতের আদে**শের প্রেক্ষিতে** মুক্তিযোদ্ধা কোটায় হস্তক্ষেপ করার সুযোগ নেই
মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী

৮। সাড়ে ৩ হাজার কোটি টাকায় ই-পাসপোর্ট মেশিনপত্র কেনার প্রস্তাব অনুমোদন

৯। সব ব্যাংকের ঋণের সুদহার **এক অংকে নামিয়ে** আনতে **আরো** সময় লাগবে : অর্থমন্ত্রী

১০। সিঙ্গাপুরের উদ্যোক্তাদের পাঁচশ' একর জমি দেওয়া হবে : **প্রতিনিধিদলকে** বাণিজ্যমন্ত্রী

১১। ডিজিটাল নিরাপত্তা আইন হবে মিডিয়াবান্ধব : **সাংবাদিক নেতৃবৃন্দকে** আইনমন্ত্রী

১২। বঙ্গবন্ধুর পলাতক খুনি নূর চৌধুরীকে ফিরিয়ে আনতে তৎপরতা চলছে : সংসদে পররাষ্ট্রমন্ত্রী

১৩। গণপরিবহণে যৌন হয়রানি হলে রুট পারমিট বাতিল : সংসদে সেতুমন্ত্রী

১৪ । ব্লু-ইকোনমিতে কোস্টগার্ডের ভূমিকা প্রশংসনীয় : স্বরাষ্ট্রমন্ত্রী
সমুদ্র নিরাপত্তায় ১৮টি দেশের কোস্টগার্ড সম্মেলন শুরু

১৫। বিদ্যুৎ-জ্বালানির দ্রুত সরবরাহ আইনের মেয়াদ আরো তিন বছর বাড়িয়ে সংসদে বিল পাশ

১৬। পিআইবিকে আইনি কাঠামোয় আনতে সংসদে বিল পাশ

১৭। বিদ্যুৎখাতে ৬০ হাজার কোটি টাকার বিনিয়োগ : দু'টি সমঝোতাস্মারক স্বাক্ষর

চলমান পাতা-২

১। গণতান্ত্রিক ধারা অব্যাহত থাকলে দেশ এগিয়ে যায় : সংসদে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা বলেছেন, গণতান্ত্রিক ধারাবাহিকতা অব্যাহত থাকলেই দেশ সবদিক থেকে এগিয়ে যায়। আমরা চাই দেশে গণতান্ত্রিক ধারা অব্যাহত থাকুক। কারণ গণতান্ত্রিক পরিবেশ না থাকলে দেশ উন্নত হয়না বরং মানুষ বঞ্চিত ও নির্যাতনের শিকার হয়। গতকাল (১১ জুলাই বুধবার) জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৭), জনকণ্ঠ **(পৃ.১,ক.২),** ইন্ডিপেনডেন্ট **(শেষ পৃ.,ক.৫),** ডেইলি স্টার **(পৃ.৩,ক.৭)।**

২। **বিশ্বশান্তির জন্য গৃহীত যেকোনো উদ্যোগে বাংলাদেশের সমর্থন বজায় থাকবে : সংসদে প্রধানমন্ত্রী**

জাতীয় সংসদে গতকাল (১১ জুলাই বুধবার) এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আন্তর্জাতিক শান্তি প্রতিষ্ঠায় আমরা সর্বদা কাজ করে চলেছি। শান্তি প্রতিষ্ঠায় বাংলাদেশের অবদান আজ সর্বস্বীকৃত। একদিকে বাংলাদেশ যেমন সারা বিশ্বে উন্নয়নের রোল মডেল হিসেবে স্বীকৃতি পেয়েছে, অন্যদিকে তেমনি বিশ্বশান্তি প্রতিষ্ঠায় রেখেছে অসামান্য ভূমিকা। যার ফলে অর্জন করেছে অসংখ্য আন্তর্জাতিক পুরস্কার ও সম্মানজনক স্বীকৃতি। শান্তি প্রতিষ্ঠায় বাংলাদেশের এ অগ্রযাত্রা অব্যাহত থাকবে। বিশ্বশান্তির জন্য গৃহীত যেকোনো উদ্যোগে বাংলাদেশের সক্রিয় সমর্থন ও অংশগ্রহণ বজায় থাকবে। সূত্র-ইত্তেফাক (পৃ.১৯,ক.৪), জনকণ্ঠ **(পৃ.৪,ক.২)।**

৩। জানমালের নিরাপত্তা বিধান ও আইনের শাসন প্রতিষ্ঠায় সরকার দৃঢ়প্রতিজ্ঞ

সংসদে প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বর্তমান সরকার আইনশৃঙ্খলা রক্ষা, জনগণের জানমালের নিরাপত্তা বিধান ও দেশে আইনের শাসন প্রতিষ্ঠায় দৃঢ়প্রতিজ্ঞ। এ লক্ষ্যে সব ধরনের সন্ত্রাসী, মাদক ব্যবসায়ী, নাশকতা ও সহিংসতার সঙ্গে জড়িতদের আইনের আওতায় আনতে ও তাদের বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। গতকাল (১১ জুলাই বুধবার) সংসদে এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১৯,ক.৪), জনকণ্ঠ **(পৃ.৪,ক.২),** ফিনানশিয়াল এক্সপ্রেস **(পৃ.২,ক.২)।**

৪। **বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ প্রেরণের পরিকল্পনা** সরকারের **রয়েছে : সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, স্বপ্নের স্যাটেলাইট নির্মাণ ও এর সফল উৎক্ষেপণে আমি গর্বিত ও আনন্দিত। এ গৌরব দেশের ১৬ কোটি মানুষের। বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ সফলভাবে উৎক্ষেপণের পর মহাকাশে নিজেদের অবস্থানকে সমুন্নত রাখতে এর ধারাবাহিকতায় বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর আয়ুষ্কাল শেষ হওয়ার আগেই বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ মহাকাশে প্রেরণ করার পরিকল্পনা আমাদের রয়েছে। গতকাল (১১ জুলাই বুধবার) সংসদে এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মাধ্যমে বার্ষিক ১৪ মিলিয়ন মার্কিন ডলারের বৈদেশিক মুদ্রা সাশ্রয় হবে বলে জানান প্রধানমন্ত্রী। সূত্র-ইত্তেফাক (পৃ.১৯,ক.৪), জনকণ্ঠ **(পৃ.৪,ক.২)।**

৫। **হজ ক্যাম্প উদ্বোধনকালে প্রধানমন্ত্রী : ইসলাম ধর্ম নিয়ে বিভ্রান্তি না ছড়ানোর আহ্বান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইসলাম ধর্ম সম্পর্কে বিভ্রান্তি ছড়ানো থেকে সবাইকে সতর্ক থাকার আহ্বান জানিয়ে বলেছেন, ধর্মের শিক্ষা মানুষের কাছে যেন উচ্চ আসনে থাকে সেটা প্রতিষ্ঠা করাই আমাদের লক্ষ্য। অথচ কিছু লোক নিজস্ব স্বার্থে ইসলামের ভুল ব্যাখ্যা দিয়ে আমাদের জন্য, সমগ্র মুসলিম সম্প্রদায়ের জন্য সমস্যার সৃষ্টি করছে। গতকাল (১১ জুলাই বুধবার) বিমানবন্দর আশকোনা হজ ক্যাম্প এলাকায় হজ কার্যক্রম-২০১৮ উদ্বোধন করে তিনি এসব কথা বলেন। পরে হজযাত্রীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন প্রধানমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.২)।

৬। ডিজিটাল হচ্ছে পরিবার পরিকল্পনা ও প্রজনন স্বাস্থ্যসেবা কার্যক্রম : জনসংখ্যা দিবসের অনুষ্ঠানে স্পিকার

প্রজনন স্বাস্থ্যসেবা, জনসংখ্যা ও উন্নয়নবিষয়ক আলোচনা, র‍্যালি, সেমিনার ও সভাসহ বিভিন্ন আয়োজনে গতকাল (১১ জুলাই বুধবার) পালিত হয়েছে বিশ্ব জনসংখ্যা দিবস। এ উপলক্ষে গতকাল রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক আয়োজিত আলোচনাসভায় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, পরিবার পরিকল্পনা ও প্রজনন স্বাস্থ্যসেবা আধুনিক ও সময়োপযোগী করতে স্বাস্থ্যসেবা পদ্ধতি ডিজিটাল হচ্ছে।

পরিবার পরিকল্পনা বিভাগের মাঠকর্মীদের মাধ্যমে আন্তঃব্যক্তিক যোগাযোগ ও কাউন্সেলিং সংক্রান্ত তথ্য ও উপকরণ নিয়ে ই-টুলকিট ও ই-লার্নিং রাখা হয়েছে এবং কিশোর-কিশোরীদের স্বাস্থ্য উন্নয়নে প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে। সূত্র-সমকাল (পৃ.৪,ক.১), ইত্তেফাক (পৃ.৩,ক.১), অবজারভার (পৃ.৩,ক.২), বাংলাদেশ টুডে (পৃ.৩,ক.৫)।

৭। উচ্চ আদালতের আদেশের প্রেক্ষিতে মুক্তিযোদ্ধা কোটায় হস্তক্ষেপ করার সুযোগ নেই
মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী

মুক্তিযোদ্ধা কোটায় হস্তক্ষেপের কোনো সুযোগ নেই বলে জানিয়েছেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। তিনি বলেন, সুপ্রিম কোর্টের রায় রয়েছে এ মুক্তিযোদ্ধা কোটা সংরক্ষণ করতে হবে। আর কোটা যদি পূরণ না হয় তাহলে মেধা কোটা থেকে তা পূরণ করা যাবে। কিন্তু মুক্তিযোদ্ধা কোটা সংরক্ষণ বাধ্যতামূলক। এ কারণে সংস্কারের ক্ষেত্রে ৩০ শতাংশ মুক্তিযোদ্ধা কোটায় কোনো পরিবর্তন করতে হলে পুনরায় আদালতের নির্দেশনা লাগবে। গতকাল (১১ জুলাই বুধবার) 'চাকরিতে মুক্তিযোদ্ধা কোটা সংরক্ষণ এবং মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের সাম্প্রতিক কার্যক্রম' নিয়ে সচিবালয়ে তথ্য অধিদফতরের সম্মেলনকক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে মন্ত্রী এসব কথা বলেন। সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে প্রধান তথ্য কর্মকর্তা কামরুন নাহার উপস্থিত ছিলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৫), বণিক বার্তা (পৃ.২,ক.৫), অবজারভার (পৃ.১,ক.৬), এশিয়ান এজ (পৃ.১,ক.৬)।

৮। সাড়ে ৩ হাজার কোটি টাকায় ই-পাসপোর্ট মেশিনপত্র কেনার প্রস্তাব অনুমোদন

প্রায় সাড়ে ৩ হাজার কোটি টাকা ব্যয়ে ই-পাসপোর্ট বানানোর মেশিনপত্র কেনা হচ্ছে। দেশের খাদ্য চাহিদা বিবেচনায় নিয়ে ক্রয় করা হবে ৫০ হাজার মেট্রিক টন গম। পনেরো বছর মেয়াদে ভারত থেকে ২৫০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানি করা হচ্ছে। গতকাল (১১ জুলাই বুধবার) **সচিবালয়ে মন্ত্রিপরিষদ কক্ষে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এসব ক্রয়প্রস্তাবের অনুমোদন দেওয়া হয়।** অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বৈঠকে সভাপতিত্ব করেন। সূত্র-সমকাল (পৃ.৩,ক.৮), ইত্তেফাক (পৃ.১৮,ক.৬)।

৯। **সব ব্যাংকের ঋণের সুদহার** এক অংকে নামিয়ে **আনতে** আরো **সময় লাগবে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, সব ব্যাংকের ঋণের সুদহার এক অংকে অর্থাৎ ৯ শতাংশের মধ্যে নামিয়ে আনতে আরো সময় লাগবে। গতকাল (১১ জুলাই বুধবার) সচিবালয়ে অনুষ্ঠিত সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকশেষে সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে তিনি এ কথা বলেন। অর্থমন্ত্রী বলেন, এক অংকের ঘরে সুদ হার নামিয়ে আনার টার্গেটটা কঠিন ছিল। কিছু ব্যাংক ঋণের সুদ হার ৯ শতাংশে নামিয়ে আনার ঘোষণা দিলেও অনেক ব্যাংক এখনও সেটি করেনি। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.২)।

১০। সিঙ্গাপুরের উদ্যোক্তাদের পাঁচশ' একর জমি দেওয়া হবে : প্রতিনিধিদলকে বাণিজ্যমন্ত্রী

বিশেষ অর্থনৈতিক অঞ্চলের জন্য সিঙ্গাপুরের উদ্যোক্তাদের ৫০০ একর জমি বরাদ্দ দেওয়ার সিদ্ধান্ত হয়েছে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, সিঙ্গাপুরের বিনিয়োগ আনতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আগ্রহে এ জমি বরাদ্দ দেওয়া হবে। তবে ভবিষ্যতে দ্বিপক্ষীয় বাণিজ্য ও বিনিয়োগ বাড়াতে জমি বরাদ্দের পরিমাণ আরও বাড়ানো হতে পারে। সিঙ্গাপুরের ব্যবসায়ীরা বাংলাদেশে তথ্যপ্রযুক্তি, বিদ্যুৎ ও জ্বালানি এবং আবাসন খাতে বিনিয়োগ করতে আগ্রহের কথা জানিয়েছেন। গতকাল (১১ জুলাই বুধবার) ঢাকার প্যানপ্যাসিফিক সোনারগাঁও হোটেলে সফররত সিঙ্গাপুর বিজনেস ফেডারেশনের ব্যবসায়ীদের সঙ্গে মতবিনিময়ের পর এসব কথা বলেন বাণিজ্যমন্ত্রী। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.৬), ইত্তেফাক (পৃ.১৮,ক.২), এশিয়ান এজ (পৃ.১১,ক.৫)।

১১। **ডিজিটাল নিরাপত্তা আইন হবে মিডিয়াবান্ধব :** সাংবাদিক নেতৃবৃন্দকে **আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, সংবিধানে যে বাক-স্বাধীনতা এবং সাংবাদিকতার স্বাধীনতা দেওয়া আছে সেটাকে খর্ব করে কোনো আইন প্রণয়ন করা হবে না। তিনি বলেন, ডিজিটাল নিরাপত্তা আইনটি হবে জনগণ ও মিডিয়াবান্ধব। সংসদের আগামী অধিবেশনে আইনটি পাশ হতে পারে। গতকাল (১১ জুলাই বুধবার) সচিবালয়ে ডিজিটাল নিরাপত্তা আইন নিয়ে সাংবাদিক নেতৃবৃন্দকে এ কথা বলেন আইনমন্ত্রী। সূত্র-ইত্তেফাক (পৃ.২,ক.৮), বণিক বার্তা (পৃ.২,ক.৫), অবজারভার (পৃ.১০,ক.২), এশিয়ান এজ (পৃ.১,ক.৫)।

**১২।	বঙ্গবন্ধুর পলাতক খুনি নূর চৌধুরীকে ফিরিয়ে আনতে তৎপরতা চলছে : সংসদে পররাষ্ট্রমন্ত্রী**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পলাতক খুনিদের দেশে ফিরিয়ে আনতে সরকার জোর কূটনৈতিক তৎপরতা চালিয়ে যাচ্ছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। তিনি বলেন, আমরা খুনিদের দেশে ফিরিয়ে আনতে মার্কিন যুক্তরাষ্ট্র ও কানাডার সঙ্গে কথা বলে যাচ্ছি। গতকাল (১১ জুলাই বুধবার) সংসদে প্রশ্নোত্তর পর্বে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **বণিক বার্তা** (পৃ.২,ক.১)।

**১৩।	গণপরিবহণে যৌন হয়রানি হলে রুট পারমিট বাতিল : সংসদে সেতুমন্ত্রী**

গণপরিবহণে যৌন হয়রানি করলে রুট পারমিট বাতিলের হুঁশিয়ারি দিলেন সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, গণপরিবহণে যৌন হয়রানির বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে পেশাদার ড্রাইভিং লাইসেন্স নবায়নের আগেই চালকদের সতর্ক করা হচ্ছে। যেসব গণপরিবহণে যৌন হয়রানি হচ্ছে, সেগুলো চিহ্নিত করে রেজিস্ট্রেশন ও রুট পারমিট বাতিলের ব্যবস্থা রয়েছে। গতকাল (১১ জুলাই বুধবার) জাতীয় সংসদে উত্থাপিত এক নোটিশের জবাবে মন্ত্রী এ কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.২,ক.৩), জনকণ্ঠ **(পৃ.১,ক.১)।**

**১৪ ।	ব্লু-ইকোনমিতে কোস্টগার্ডের ভূমিকা প্রশংসনীয় : স্বরাষ্ট্রমন্ত্রী**
সমুদ্র নিরাপত্তায় ১৮টি দেশের কোস্টগার্ড সম্মেলন শুরু

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, ব্লু-ইকোনমি প্রতিষ্ঠার প্রয়োজনীয়তা অনুধাবন করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রথম সমুদ্র সীমানা দাবি করেন। বর্তমানে ব্লু-ইকোনমিতে বাংলাদেশ কোস্ট গার্ডের ভূমিকা প্রশংসনীয়। সমুদ্রপথে মাদকসহ যেকোনো চোরাচালান রোধেও বাহিনীটি সুনামের সঙ্গে কাজ করে যাচ্ছে বলে জানান তিনি। গতকাল (১১ জুলাই বুধবার) গুলশানে হোটেল ওয়েস্টিনে বিভিন্ন দেশের কোস্টগার্ডের সমন্বয়ে ওয়ার্কিং লেভেল মিটিংয়ের উদ্বোধন অনুষ্ঠানে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-সংবাদ **(পৃ.৪,ক.৪),**বণিক বার্তা **(পৃ.২,ক.৪),** অবজারভার (পৃ.**৪,ক.১**), ডেইলি সান (**পৃ.২,ক.৬**)।

**১৫।	বিদ্যুৎ-জ্বালানির দ্রুত সরবরাহ আইনের মেয়াদ আরো তিন বছর বাড়িয়ে সংসদে বিল পাশ**

বিদ্যুৎ-জ্বালানির দ্রুত সরবরাহ আইনের মেয়াদ আরো তিন বছর বাড়াতে জাতীয় সংসদে বিল পাশ হয়েছে। গতকাল (১১ জুলাই বুধবার) সংসদে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু ‘বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ আইন) (সংশোধন) বিল-২০১৮’ পাশের প্রস্তাব করেন। পরে সেটি কণ্ঠভোটে পাশ হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

১৬।	পিআইবিকে আইনি কাঠামোয় আনতে সংসদে বিল পাশ

বাংলাদেশ প্রেস ইনস্টিটিউটের (পিআইবি) কার্যক্রম আইনি কাঠামোর আওতায় আনতে সংসদে ‘বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট বিল-২০১৮’ পাশ হয়েছে। গতকাল (১১ জুলাই বুধবার) বিলটি পাশের প্রস্তাব করেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। পরে তা কণ্ঠভোটে পাশ হয়। সূত্র-সমকাল (পৃ.৪,ক.**১**), ইত্তেফাক (পৃ.**২,ক.৬**), ইন্ডিপেনডেন্ট (পৃ.৩,ক.১), এশিয়ান এজ (**পৃ.৩,ক.৭**)।

১৭।	বিদ্যুৎখাতে ৬০ হাজার কোটি টাকার বিনিয়োগ : দু’টি সমঝোতাস্মারক স্বাক্ষর

বিদ্যুৎখাতে ৬০ হাজার কোটি টাকার বিনিয়োগ হচ্ছে। সরকারি ও বেসরকরি খাতের দু’টি প্রকল্পে এ বিনিয়োগ আসছে। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, দেশের বেসরকারি কোম্পানি সামিট পাওয়ার, মার্কিন কোম্পানি জেনারেল ইলেকট্রিক (জিই) এবং জাপানের মিতসুবিসি করপোরেশন যৌথভাবে এ বিনিয়োগ করছে। এ বিনিয়োগে দু’টি ভিন্ন প্রকল্পে মহেশখালীতে মোট ছয় হাজার মেগাওয়াট বিদ্যুৎকেন্দ্রের সঙ্গে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস আমদানির জন্য স্থায়ী অবকাঠামো নির্মাণ করা হবে। প্রকল্প বাস্তবায়নে গতকাল (১১ জুলাই বুধবার) রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে পৃথক দু’টি সমঝোতাস্মারক স্বাক্ষরিত হয়েছে। সূত্র-সমকাল (পৃ.২,ক.২), বণিক বাতা (**পৃ.২,ক.১**), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** রংপুর শহরের মুন্সিপাড়ার মরিয়ম নেছা বালিকা বিদ্যালয়ের একাডেমিক ভবনের ছাদের একটি অংশ ধসে দুই শিক্ষার্থী আহত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে সারাদেশে এ ধরনের জরাজীর্ণ বিদ্যালয়গুলো দ্রুত সংস্কারের দাবি।

খ. **সমকাল :** দেশে নিবন্ধিত মোট যানবাহনের সংখ্যা প্রায় ৩৫ লাখ হলেও লাইসেন্সধারী চালকের সংখ্যা ১৯ লাখেরও কম সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রীর এ বক্তব্যে উদ্বেগ প্রকাশ করে সড়ক দুর্ঘটনা রোধে দক্ষ ও প্রশিক্ষিত চালক নিয়োগের আহ্বান।

গ. **ভোরের কাগজ, নিউ নেশন :** আগামী ১৪ জুলাই হতে শুরু হতে যাওয়া হজ ফ্লাইটগুলো হয়রানি ও ঝামেলামুক্ত হওয়ার প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের কৃষিজাত খাদ্যশস্য গুদামজাতকরণের ধারণক্ষমতা বাড়াতে একনেকে ৩১৬.৮৮ কোটি টাকার বিভিন্ন প্রকল্প অনুমোদন হওয়ার পরিপ্রেক্ষিতে পঁচনশীল কৃষিজাত বিশেষ পণ্যের জন্য স্টোরেজ ব্যবস্থা গড়ে তোলার সুপারিশ।

ঙ. **নিউ এজ :** ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতের জন্য বরাদ্দকৃত লোন বিতরণ কমে যাওয়ায় সরকারকে এ খাতের লোন বিতরণে যথাযথ পরিকল্পনা ও মনিটরিং ব্যবস্থা জোরদার করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মানসম্পন্ন শিক্ষার জন্য ভালো ও দক্ষ শিক্ষক প্রয়োজন।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'দরিদ্রবান্ধব ব্যাংকিং ব্যবস্থা : নারীর অর্থনৈতিক উন্নয়নে সহায়ক'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, বাংলাদেশকে উন্নয়নশীল দেশের তালিকায় অন্তর্ভুক্তিকরণ এবং তাকে স্থায়ী রূপ দেওয়ার জন্য দরিদ্রবান্ধব ব্যাংকিং খাতের উপস্থিতি জরুরি।

#

ডালিয়া/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা